- 14 - Annexure-A

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.৪৪০০.০১৭.২৭.০০৩.২১-৫০২

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ৬ জুন, ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন সারুটিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মাহামুদুল হাসানের বিরুদ্ধে দন্ডবিধির ১৩৪/৩৪১/১১৪/৩০২/৩৪ ধারায় শৈল. জিআর ১২/২০২২ নং মামলা দায়ের করা হয় এবং উক্ত মামলায় দাখিলকৃত অভিযোগপত্র গত ২২/১১/২০২২ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৪ (১) ধারা অনুযায়ী জেলা প্রশাসক, ঝিনাইদহ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

যেহেতু, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন সারুটিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মাহামুদুল হাসানের বিরুদ্ধে উক্ত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তার দ্বারা ইউনিয়ন পরিষদের ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন সারুটিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মাহামুদুল হাসানের সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৪(১) ধারা অনুযায়ী উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে তার স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

06.06.23
( জেসমীন প্রধান )
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.৪৪০০.০১৭.২৭.০০৩.২১-৫০২

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ৬ জুন, ২০২৩

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব মোঃ মাহামুদুল হাসান (সাময়িক বরখাস্ত), চেয়ারম্যান, সারুটিয়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

06.06.23
(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব